গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/২০৭৭ তারিখ ঃ ২০.০৫.২০১৯

বিষয় ঃ **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত মে-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪ জেলা এবং পার্বত্য এলাকার ৪ উপজেলাসহ মোট ৬৮ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক আলোচনা সভা, চলচ্চিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্ববোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী তথ্য অভিযান এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে মে-২০১৯ (১ম পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী ঃ প্রতিবেদন এক প্রস্থ।

২০.০৫.১৯


(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com


সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী পরিচালক (বিতরণ), ওয়েবসাইটে প্রকাশের জন্য।

<u>মে-২০১৯ (১ম পক্ষ)</u>

## • জনমত শিরোনাম

— মালিক-শ্রমিক ঐক্য প্রতিষ্ঠার অঙ্গীকারের মধ্য দিয়ে সারাদেশে মহান মে দিবস পালিত

— তীব্র তাপদাহে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ জনসাধারণের

— রমজান মাসে ভেজালমুক্ত খাদ্য সরবরাহের জোর দাবি জানিয়েছেন জনসাধারণ

— নিত্যপণ্যের মূল স্থিতিশীল। নিম্ন ও মধ্য আয়ের ভোক্তাদের আমিষের চাহিদা মেটাতে গরুর মাংস ও মাছের দাম বৃদ্ধি নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা

— সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ

## ❐ মালিক-শ্রমিক ঐক্য প্রতিষ্ঠার অঙ্গীকারের মধ্য দিয়ে সারাদেশে মহান মে দিবস পালিত

● টেকসই উন্নয়ন অভীষ্টসমূহের আলোকে দেশের উন্নয়ন অগ্রযাত্রাকে ত্বরান্বিত করতে সারা বিশ্বের সাথে একযোগে মালিক-শ্রমিক ঐক্য প্রতিষ্ঠার অঙ্গীকারের মধ্য দিয়ে দেশব্যাপী মহান মে দিবস পালিত হয়েছে। ঐতিহাসিক মে দিবস শ্রমজীবী মানুষের সংগ্রাম আর অধিকার আদায়ের দিন। দিবসটি পালনে শ্রমিক, পেশাজীবী, সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক সংগঠনগুলো বিভিন্ন কর্মসূচির আয়োজন করে।

● এদিকে, মহান মে দিবসে শ্রমিকের ন্যায্য পাওনা, ন্যূনতম মজুরি, কর্মক্ষেত্রে নিরাপত্তা, নারী শ্রমিকদের মজুরি-বৈষম্য দূরীকরণসহ স্বাভাবিক জীবনযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি উত্থাপিত হয়েছে। মহান মে দিবসকে তাৎপর্যমন্ডিত করে তুলতে শ্রমিক-মালিক সুসম্পর্কের কোনো বিকল্প নেই বলে অভিমত ব্যক্ত করেছে সচেতনমহল।

## ❐ তীব্র তাপদাহে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ জনসাধারণের

● চলমান তীব্র তাপ প্রবাহে জনজীবন অসহনীয় হয়ে উঠছে বলে জনমতে প্রকাশ। এর সঙ্গে দেশের বিভিন্ন অঞ্চলে পল্লী বিদ্যুতের ঘন ঘন লোডশেডিং দুর্ভোগের মাত্রা বাড়িয়ে দিয়েছে। প্রচন্ড গরমে দেশের বিভিন্ন স্থানে পানিশূন্যতা, ডায়রিয়া, নিউমোনিয়া, জন্ডিসসহ নানা রোগে মানুষ আক্রান্ত হয়ে পড়ছে।

● পাশাপাশি, শিশু ও বৃদ্ধরা গরমজনিত বিভিন্ন রোগে বেশি আক্রান্ত হচ্ছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। পরিপ্রেক্ষিতে, স্বাস্থ্যঝুঁকি মোকাবেলায় স্বাস্থ্য বিভাগসহ সংশ্লিষ্ট সকলের যথার্থ ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছে অভিজ্ঞমহল।

চলমান পাতা-৩

## ◻ রমজান মাসে ভেজালমুক্ত খাদ্য সরবরাহের জন্য জোর দাবি জানিয়েছেন জনসাধারণ

● পানি, খেজুর, মিষ্টি, তেল ও অন্য খাদ্যপণ্যে সারাবছরই ভেজাল দিয়ে থাকে কিছু অসাধু ব্যবসায়ী। রমজান মাস চলছে কিন্তু ভেজালের এই আগ্রাসন আরও বেড়েছে। বিভিন্ন সময়ের অভিযান আর মামলায়ও থামছে না নিত্যপন্যের ভেজালের দৌরাত্ম। নিম্নমানের ভেজাল পণ্য তৈরি ও বাজারজাতকারীদের এই তালিকা থেকে বাদ যায়নি নামিদামি ব্রান্ডের প্রতিষ্ঠানগুলোও। বাহারি মোড়কে বাজারজাত করা এসব প্রতিষ্ঠানে বহু পণ্য অত্যন্ত নিম্নমানের। নিজেদের পণ্য নিয়ে যে ঘোষণা দিচ্ছে প্রতিষ্ঠানগুলো, বাজারজাত করছে ঠিক তার উল্টোটা। এতকিছুর পরেই সাধারণ মানুষকে বাধ্য হয়ে এসব পণ্যই টাকা খরচ করে কিনে খেতে হচ্ছে। রমজান সংযম আর আত্মশুদ্ধির মাস হলেও এক্ষেত্রে ভেজালকারীদের কোন ভ্রুক্ষেপ নেই। তাদের কাছে অতিরিক্ত অর্থ আয় করাই যেন প্রধান লক্ষ্য। তাই রোজার মাসে পণ্যে অতিরিক্ত চাহিদার সুযোগে ভেজাল আরও বেড়েছে। তাই ভেজাল প্রতিরোধের বিষয়ে পদক্ষেপ নিতে আশাবাদ ব্যক্ত করেছে ভোক্তাসাধারণ।

## ◻ নিত্যপণ্যের মূল স্থিতিশীল। নিম্ন ও মধ্য আয়ের ভোক্তাদের আমিষের চাহিদা মেটাতে গরুর মাংস ও মাছের দাম বৃদ্ধি নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা

● বাজারে বেশিরভাগ নিত্য প্রয়োজনীয় পণ্যসামগ্রীর দাম স্থিতিশীল রয়েছে বলে জনমতে প্রকাশ। ফলে, ভোক্তাসাধারণের মাঝে সন্তোষ লক্ষ্য করা গেছে। তবে, প্রাণিজ আমিষের চাহিদা মেটানোর উৎস হিসেবে বাজারে গরুর মাংসের দাম ক্রমশ বৃদ্ধি পাওয়ায় অসন্তোষ প্রকাশ করেছে নিম্ন ও মধ্য আয়ের মানুষ। একইসঙ্গে, মাছের দাম নিয়ন্ত্রণেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর উদ্যোগ গ্রহণের দাবি জানিয়েছে ভোক্তারা।

● এদিকে, চলমান গ্রীষ্ম মৌসুমে ফলমূলের সরবরাহ বেড়েছে বলে জনমতে জানা গেছে। তবে, এসব ফলে ক্ষতিকর রাসায়নিক পদার্থ মিশ্রণ প্রতিরোধে কঠোর ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানিয়েছে ক্রেতাসাধারণ।

চলমান পাতা-৪

## ◘ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদক বিরোধী অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ

● দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক বলে জনমতে প্রকাশ। চলমান আইনশৃঙ্খলা পরিস্থিতি যাতে সমুন্নত থাকে সে-ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর জোর দিয়েছে সুধীমহল।

● এদিকে, মাদকের অপব্যবহার প্রতিরোধে আইনশৃঙ্খলা বাহিনীর বিশেষ অভিযান সত্ত্বেও সীমান্তবর্তী কয়েকটি জেলায় মাদকের ভয়াবহতা দৃশ্যমান হচ্ছে বলে জনমতে জানা যায়। এসব জেলাসমূহে মাদক নিয়ন্ত্রণের জন্য বিশেষ অভিযান পরিচালনার পাশাপাশি মাদক ব্যবসায়ীদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসা প্রয়োজন বলে সচেতনমহল অভিমত ব্যক্ত করেছে।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

২৭.৫.১৭

হাছিনা আক্তার
উপপরিচালক (প্রচার)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার